



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২১২

তারিখঃ ০৪/০৪/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৬৯ তম কমিশন সভা অদ্য ০৪/০৪/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন EvinceTextiles Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১৭০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৭,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে মেশিনারিজ ক্রয়, ভবন নির্মাণ, চলতি মূলধন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ১.৬২ এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৭.৬২। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investment Limited।
২. WATA Chemical Ltd. এর ৩৫ কোটি টাকার Redeemable, Non Convertible, Non Cumulative, Non Participative Debenture এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৬ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Redeemable, Non-Convertible, Non-Cumulative, Non-Participative Debenture। ১ বছর খ্রেস পিরিয়ড সহ ডিবেঞ্চারটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র Investment Corporation of Bangladesh (ICB) প্রাইভেট প্লসমেন্টের মাধ্যমে এই ডিবেঞ্চারটি অর্থাৎন করবে। উল্লেখ্য, এই ডিবেঞ্চার ইস্যুর মাধ্যমে WATA Chemical Ltd. অর্থ উত্তোলন করে দেশী ও বিদেশী মেশিনারিজ ও যন্ত্রাংশ ক্রয় পূর্বক BRME সম্পন্ন করবে। WATA Chemical Ltd., Redeemable, Non Convertible, Non Cumulative, Non Participative Debenture এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০/- (দশ) টাকা এবং মোট ডিবেঞ্চার সংখ্যা ৩,৫০,০০,০০০টি।
৩. Matin Spinning Mills Limited (Issuer) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর অনুমতি পত্র (Consent Letter) এর পার্ট বি এর শর্ত নং ৭ মোতাবেক প্রসপেক্টাসে বর্ণিত উদ্দেশ্য ছাড়া অন্য কোন উদ্দেশ্যে IPO ফান্ড ব্যবহারের পূর্বে শেয়ারহোল্ডারদের সভায় উপস্থাপন পূর্বক গৃহীত প্রস্তাবের অনুমোদন নিতে হয় এবং কমিশন ও স্টক এক্সচেঞ্জকে অবহিত করতে হয়। Matin Spinning Mills Limited, IPO এর মাধ্যমে সংগৃহীত অর্থ প্রকল্পে ব্যবহার না করে বিভিন্ন ব্যাংকে FDR করেছে এবং ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে প্রকল্পে ব্যবহার করেছে, ফলে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর অনুমতি পত্রের পার্ট বি এর শর্ত নং ৭ ভঙ্গ হয়েছে। এছাড়া, উক্ত অনুমতি পত্রের পার্ট বি এর শর্ত নং ৪ মোতাবেক স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হওয়ার ১২ মাসের মধ্যে IPO ফান্ড ব্যবহারের যে শর্ত রয়েছে যা পরিপালনে Matin Spinning Mills Limited ব্যর্থ হয়েছে। উল্লিখিত অনিয়মের জন্য কমিশন, Matin Spinning Mills Limited এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৪/০৪/২০১৬

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপত্র।